

১. পটভূমি, ভিশন ও মিশন

১.১ পটভূমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়নের নিমিত্তে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি খাতকে বিশেষ গুরুত্বারোপ করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বব্যাপী প্রয়োগ ও ব্যবহারে কারিগরি সহায়তা নিশ্চিতকরণ; তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুবিধা সমূহ প্রাপ্তিক পর্যায়ের পৌঁছানো, অবকাঠামো নিরাপত্তা বিধান; রক্ষণাবেক্ষণ; বাস্তবায়ন; সমন্বয় সাধন ও টেকসই উন্নয়ন; সম্প্রসারণ মান নিয়ন্ত্রণ ও কম্পিউটার পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে সার্ভিস প্রদান নিশ্চিত করার লক্ষ্যে ৩১ জুলাই, ২০১৩ তারিখে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর' গঠিত হয়।

১.২ রূপকল্প (Vision)

জ্ঞানভিত্তিক অর্থনীতি,
সুশাসন প্রতিষ্ঠায় তথ্য
প্রযুক্তির ব্যবহার।

১.৩ অভিলক্ষ্য (Mission)

তথ্য প্রযুক্তি খাতের সর্বোত্তম
ব্যবহার নিশ্চিত করে অবকাঠামো
উন্নয়ন, দক্ষ মানব সম্পদ গঠন,
শোভন কাজ সৃজন এবং ই-সার্ভিস
প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা।



০১ মানবসম্পদ উন্নয়ন

০২ কানেক্টিভিটি স্থাপন

০৩ অবকাঠামো উন্নয়ন

০৪ ই-গভর্নেন্স বাস্তবায়ন

২. আইসিটি অধিদপ্তরের কার্যাবলী:

০৫ কারিগরি সেবা প্রদান

০৬ আধুনিক প্রযুক্তি আত্মীকরণ ও সম্প্রসারণ

০৭ আইসিটি শিল্পের বিকাশ

০৮ আইসিটি'র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ

০৯ ই-সেবা বাস্তবায়ন

১০ স্ট্যান্ডার্ড ও ইন্টার-অপারেবিলিটি নিশ্চিতকরণ